

# শুগান্থ

প্রিন্ট: ২১ জানুয়ারি ২০২৫, ০৯:৪৫ এএম

শিক্ষান্তর

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পোষ্য কোটা বাতিল



শেকুবি প্রতিনিধি

প্রকাশ: ২০ জানুয়ারি ২০২৫, ১১:০৮ পিএম



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) সিভিকেট সভায় আগামী ভর্তি পরীক্ষার জন্য কোটাব্যবস্থায় বড় ধরনের পরিবর্তনের সন্ধিক্ষণ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। নতুন নিয়ম অনুযায়ী, পোষ্য কোটা সম্পূর্ণভাবে বাতিল করা হয়েছে। আগে বিশ্ববিদ্যালয়ে মোট ১১ শতাংশের বেশি কোটাব্যবস্থা কার্যকর ছিল।

দীর্ঘদিন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে রোববার বিশ্ববিদ্যালয় সিভিকেট সভার সন্ধিক্ষণ অনুযায়ী কোটার সংখ্যা কমিয়ে তা আরও যৌক্তিক করা হয়েছে। সংশোধিত কোটা ব্যবস্থায় মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য কোটা ৩ শতাংশ, প্রতিবন্ধী কোটা ১ শতাংশ, মুদ্র নৃগোষ্ঠী এবং উপজাতি কোটা ১ শতাংশ রাখা হয়েছে। তবে কোটায় প্রার্থী পাওয়া না গেলে মেধাতালিকা থেকে সেই আসন পূরণ করা হবে।

প্রসঙ্গত, শেকুবিতে আগে ১১ শতাংশের বেশি কোটা ব্যবস্থা কার্যকর ছিল। এ সন্ধিক্ষণের মাধ্যমে কোটার পরিমাণ কমিয়ে তা আরও যৌক্তিক করার উদ্যোগ নেওয়া হয়েছে। শেকুবি প্রশাসনকে এ সিদ্ধান্তের জন্য শিক্ষার্থীদের একটি বড় অংশ ধন্যবাদ জানিয়েছে। এই সন্ধিক্ষণ শেকুবির ভর্তি প্রতিক্রিয়াকে আরও স্বচ্ছ ও ন্যায়সংগত করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আব্দুল লতিফ বলেন, কৃষি গুচ্ছের সব বিশ্ববিদ্যালয়ে এই কোটা অনুসরণ করা হবে।